# আর-রাহমান | Ar-Rahman | ٱلرَّحْمَٰن

আয়াতঃ ৫৫ : ৬০

## আরবি মূল আয়াত:

هَل جَزَآءُ الاِحسَانِ اِلَّا الاِحسَانُ ﴿٦٠﴾

## অনুবাদসমূহ:

উত্তম কাজের প্রতিদান উত্তম ছাড়া আর কী হতে পারে ? — আল-বায়ান

উত্তম কাজের প্রতিফল উত্তম পুরস্কার ছাড়া কী হতে পারে? — তাইসিরুল

উত্তম কাজের জন্য উত্তম পুরস্কার ব্যতীত আর কি হতে পারে? — মুজিবুর রহমান

Is the reward for good [anything] but good? — Sahih International

### ৬০. ইহসানের প্রতিদান ইহসান ছাড়া আর কী হতে পারে?(১)

(১) নৈকট্যশীলদের উদ্যানদ্বয়ের কিছু বিবরণ পেশ করার পর বলা হয়েছে যে, ইহসান বা সৎকর্মের প্রতিদান উত্তম পুরস্কারই হতে পারে, এছাড়া অন্য কোন সম্ভাবনা নেই। [ইবন কাসীর; কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

### (৬০) উত্তম কাজের জন্য উত্তম পুরস্কার ব্যতীত আর কি হতে পারে? [1]

[1] প্রথম إحسان‘ইহসান’ এর অর্থ, সৎকর্ম ও আল্লাহর আনুগত্য। আর দ্বিতীয় إحسان‘ইহসান’এর অর্থ, তার প্রতিদান। অর্থাৎ, জান্নাত ও তার নিয়ামতসমূহ।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4961

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন